

২৫

**স্কলারশীপ কারচুপি!**  
 ॥ খবর রিপোর্ট ॥  
 বিদেশী স্কলারশীপের ক্ষেত্রেও  
 অনিয়ম ও স্বৈচ্ছচারিতার আশ্রয় নেয়ার  
 অভিযোগ পাওয়া গেছে।  
 শেষ পৃষ্ঠায় ২য় কলামে

**স্কলারশীপ কারচুপি**  
 প্রথম পৃষ্ঠার পর

ব্যাংককল্প এশিয়ান ইনস্টিটিউট অব  
 টেকনোলজি কম্পিউটার সায়েন্সেসহ  
 ইঞ্জিনিয়ারিং-এর তিনটি বিভাগে গত  
 কয়েক বছর যাবতই বৃত্তি দিয়ে আসছে।  
 শিক্ষা মন্ত্রণালয়ের কাছে বৃত্তি এলেও  
 প্রার্থী বাছাই ও মনোনয়নের দায়িত্ব তারা  
 দিয়েছেন প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের  
 উপর।

অন্যান্য বছরের মত প্রকৌশল  
 বিশ্ববিদ্যালয় এবারেও জাতীয় দৈনিকে  
 বিজ্ঞপ্তির মাধ্যমে স্কলারশীপের জন্য গত  
 নভেম্বরের মাঝামাঝি পরীক্ষা আহ্বান  
 করেন। আগ্রহীরা পরীক্ষা দিতেও  
 এসেছিল। কিন্তু রাজনৈতিক  
 গোলযোগের জন্য তখন পরীক্ষা বাতিল  
 করে পরবর্তীতে পরীক্ষার নতুন তারিখ  
 ঘোষণা করার কথা জানান হয়।

প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের সংশ্লিষ্ট  
 কর্তৃপক্ষ আজ সে পরীক্ষার তারিখ  
 নির্ধারণ করেছেন। এ ব্যাপারে জাতীয়  
 কোন দৈনিকে তারা পূর্বে কোন ঘোষণাও  
 দেননি। তবে কয়েকদিন আগে নিজস্ব  
 নোটিশ বোর্ডে নোটিশ টাঙ্গিয়ে দেন। এর  
 ফলে ঢাকার বাইরে জেলা শহরের  
 ছেলেরা এ খবরই পায়নি। পত্রিকায় না  
 দেয়ায় তাদের পক্ষে তারিখ জানাও সম্ভব  
 নয়।

প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের ডীন এবং  
 শিক্ষা মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট কর্মকর্তার  
 সাথে এ ব্যাপারে কয়েকজন অভিভাবক  
 যোগাযোগ করলে তাঁরা সোজা জবাব  
 দেন, যারা পরীক্ষা দিতে উৎসাহী  
 তাদেরকে নোটিশ বোর্ড দেখেই পরীক্ষায়  
 অংশ নিতে হবে। এতে বহু মেধাবী ছেলে  
 বিশেষ করে ঢাকার বাইরের ছেলেরদের  
 কেন বঞ্চিত করা হলো, এর জবাবে তাঁরা  
 জানান যে, এ ব্যাপারে তাদের কোন  
 দায়িত্বই নেই। অনেক অভিভাবক  
 আশংকা করছেন, নিজেদের  
 লোকজনদের স্কলারশীপ পাবার ব্যবস্থা  
 নিশ্চিত করতেই এই গোপনীয়তার আশ্রয়  
 নেয়া হয়েছে। তাঁরা এ ব্যাপারে  
 শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে সংশ্লিষ্ট  
 সকল ছেলেরাই যাতে পরীক্ষায় অংশ  
 নিতে পারে তার জন্য পত্রিকায় বিজ্ঞপ্তির  
 মাধ্যমে নতুন করে পরীক্ষার তারিখ  
 নির্ধারণের আবেদন জানিয়েছেন।